

- ১। আমি দেশ বিদেশে ঘুরে বেড়াই, কোথাও মনে
শান্তি না পাই ।
প্রেম-ভক্তি-ধন হয়ে, ভাসিতেছি অকূলে ॥
- ২। মনের ভিতর জ্বলে দ্বি, কেউ ধরে নিভায় না আগুন ।
বিচ্ছেদ বাড়-বানলে, পুড়ে মরি তিলে তিলে ॥
- ৩। মনের ব্যথা যার কাছে কই, তার কাছে দুঃখ
আরো যে পাই ।
এই ভাবে দিন যাবে নাকি, কি যেন আছে ভালে ॥
- ৪। মনের কথা সকল জান, জেনে ঘুচাও দুঃখ মধুসূদন ।
তব দয়া বিনে সকলই মিছে, ফিরে দেখ এ কাঙ্গালে ॥
- ৫। নিরানন্দ এ নগরে, রাখিত পদ-নখরে
তুমি যেখানে যে ভাবে থাক, মনে থাকে যেন অধম বলে ॥
---নগেন্দ্রনাথ কর



৬১ নং

তাল--কাশ্মীরী

- (দাদা গো) আমায় ভাই বলে রাখিও স্মরণ ।
আমি ভুলি না যেন ঐ রাজা চরণ ॥
- ১। গুরু কৃপা রসে ভরি, আমায় সাজায়ে দিয়াছ তরী ।
কর্মদোষে যেন ডুবে না মরি, হয়ে রিপুর বসে মগন ॥